

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৩৯  
খোয়াই, ৯ মে, ২০২৪

খোয়াই মহকুমাভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ও খোয়াই পুর পরিষদের সহযোগিতায় গতকাল বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে খোয়াই পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গনে কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হয়। এই উপলক্ষে এদিন ভোরে শিল্পীগণ প্রভাতফেরীতে অংশ নেন। এরপর কবিগুরুর মর্মরমূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য নির্বাহী ভৌমিক, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা সহ বিশিষ্ট জনেরা। সন্ধ্যায় খোয়াই পুরাতন টাউনহলে শিল্পীদের নিয়ে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, শুভম আইচ, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য নির্বাহী ভৌমিক প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা। অনুষ্ঠানে শিল্পীগণ রবীন্দ্র সংগীত, নৃত্য, আবৃত্তি, কবিতা ইত্যাদি পরিবেশন করেন।

\*\*\*\*\*